44

দৈনিক ইনকিলাব

তারিখ ... 17 MAR 1997 ...
পৃষ্ঠা 22 কলাম 4

ইংরেজীর পর অংক ঃ ভূগোলের প্রশ্নও নাকি ফাঁস

# প্রশ্নপত্র ফাঁসের ঘটনা ঃ এসএসসি পরীক্ষার্থীদের উদ্বেগ বেড়েই চলেছে

ইনকিলাব রিপোর্ট ঃ প্রশ্নপত্র ফাঁসের কারণে চলমান এসএসসি পরীক্ষার সাত লাখ পরীক্ষার্থীর উদ্বেগ ও বিড়ম্বনা বেড়েই চলেছে। ইংরেজী প্রথম ও দ্বিতীয় পত্রের প্রশ্ন ফাঁস হওয়ার পর ইংরেজী দ্বিতীয় পত্র পরীক্ষা স্থগিত করা হয়েছে। ইংরেজী প্রথম পত্র পরীক্ষা বাতিলের চিন্তাও হচ্ছে। এমতাবস্থায় অংক প্রশ্ন ফাঁসের ঘটনা পরীক্ষার্থী এবং অভিভাবকদের বিচলিত করে ফেলেছে। ভূগোল পরীক্ষার প্রশ্নও ইতিমধ্যেই কেউ কেউ পেয়ে গেছেন বলে শোনা গেছে। লেখাপড়া থেকে পরীক্ষার্থীদের মন একেবারেই উঠে গেছে। তারা এখন প্রশ্ন সংগ্রহে ব্যস্ত হয়ে পড়েছে। এভাবে একটি মহলের ষড়যন্ত্র পরীক্ষা পদ্ধতির ভিতকে বিতর্কিত করে দিচ্ছে। এদিকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আজ (সোমবার) এসএসসি পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন।

রাজশাহী বোর্ডের অধীন ইংরেজী প্রথম পত্র পরীক্ষা 'খ' সেটে অনুষ্ঠিত হওয়ার প্রতিবাদে ছাত্র ও অভিভাবকরা প্রতিবাদ সভা করেছে। জেলা প্রশাসক এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের আশ্বাস দিয়ে তাদের শান্ত করেছেন।

'ক' সেটের বদলে 'খ' সেটে পরীক্ষা গ্রহণ এবং প্রশ্ন ফাঁসের কারণে এসএসসি পরীক্ষা এখন প্রহসনে পরিণত হয়েছে বলে অভিযোগ করা হয়েছে। কেউ কেউ এ ঘটনাকে সরকারের প্রশাসনিক দুর্বলতার বহিঃপ্রকাশ বলে উল্লেখ করেছেন এবং চলমান পরীক্ষা বাতিল ও ঘটনার সাথে জড়িতদের খুঁজে বের করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবী করেছেন।